

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.৪৩১

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

বিষয়: সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান
নীতিমালা, ২০১৯-এর আওতায় গৃহ নির্মাণ ঋণের আবেদন অগ্রায়ন সংক্রান্ত।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর পত্র নম্বর- ০৭.০০.০০০০.২০৬.৯৯.০০৭.১৯-৫৭৩

তারিখ-২২.০৯.২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ প্রদান নীতিমালার আওতায় ঋণ আবেদনকারীর আবেদন অর্থ বিভাগে অগ্রায়ন করা হয়। উক্ত আবেদনপত্রের সাথে প্রার্থিত কাগজপত্র সংযুক্ত না থাকায় অধিকাংশ ক্ষেত্রেই আবেদনসমূহ নিষ্পত্তি করতে বিলম্ব হচ্ছে।

২.০ বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, নিম্নবর্ণিত কাগজপত্রসহ ঋণ আবেদনকারীর আবেদন অগ্রায়ন করার জন্য অর্থ বিভাগ থেকে অনুরোধ জানানো হয়েছে :

(ক) সরকারি কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণের প্রাপ্যতা সংক্রান্ত যথাযথ প্রত্যয়ন (From-1)-এর মূল কপি।

(খ) Online এ বেতন বিল দাখিল সংক্রান্ত যথাযথ প্রত্যয়ন (From-2)-এর মূল কপি।

(গ) সংশ্লিষ্ট ব্যাংক প্রদত্ত মঞ্জুরীপত্রসহ iBAS++ সফটওয়্যার অনুসরণপূর্বক প্রস্তুতকৃত Repayment Schedule-এর মূল কপি।

উল্লেখ্য, From-1 এবং From-2- এর নমুনা অর্থ বিভাগের Website (www.mofa.gov.bd)-এ প্রদর্শিত আছে।

৩.০ এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ-এর বর্ণিত পরিপত্র (কপি সংযুক্ত)-এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০-১০-২০২০

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৮৫৫১

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সংস্থাসমূহ

ইমেইল: as.admin2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬২.৯৯.০০১.১৭.৪৩১/১

তারিখ: ২০ আশ্বিন ১৪২৭

০৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) অফিস কপি, ইমেইল।



৫-১০-২০২০

মোঃ শামসুল আলম
সহকারী সচিব